বিদ্যুৎ ও জ্বালানি
নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
(বিসিএমসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'নৈতিকতা কমিটি'-এর প্রথম প্রান্তিকের সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌ. মোঃ সাইফুল ইসলাম সরকার<br>ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি |
| সভার তারিখ | ৩১ জুলাই ২০২৩ |
| সভার সময় | দুপুর ১২:০০ টা |
| স্থান | কোম্পানির প্রধান কার্যালয়ের বোর্ড রুম |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

**২.০। আলোচনা:**

২.১। সভায় অবহিত করা হয় যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত "আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪" অনুসরণে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এ গঠিত নৈতিকতা কমিটি কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল-কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক গত ০৩ মে ২০২৩ তারিখে বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এ প্রেরণ এবং গত ০৮ মে ২০২৩ তারিখে কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হয়। উক্ত কর্মপরিকল্পনাটি গত ২১ জুন ২০২৩ তারিখে বিসিএমসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক ও পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়ের মধ্যে স্বাক্ষরিত কোম্পানির ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর সংযোজনী-৪ হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। বর্ণিত কর্ম-পরিকল্পনাটি বাস্তবায়নের নিমিত্ত কোম্পানির সকল বিভাগ, ডিপার্টমেন্ট, শাখা ও বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নিকট গত ১৩ জুলাই ২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে।

২.২। সভায় উল্লেখ করা হয় যে, ২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ-তে মোট ১০০ নম্বরের মধ্যে "সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ" এর জন্য ৩০ নম্বর নির্ধারিত রয়েছে। এই ৩০ নম্বরের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ১০ নম্বর বরাদ্দ রাখা হয়েছে। ফলে এপিএ বাস্তবায়নের জন্য বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

২.৩। অতঃপর সভায় বিসিএমসিএল-এর ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের (জুলাই ২০২৩ - সেপ্টেম্বর ২০২৩) লক্ষ্যমাত্রাসমূহ সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করা হয়। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ অনুযায়ী ১ম কোয়ার্টারে বাস্তবায়নযোগ্য লক্ষ্যমাত্রাসমূহ নিম্নরূপ:

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা | ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা……………………………………………..৬** | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | আহ্বায়ক, নৈতিকতা কমিটি | ৪ | ১ |
| ১.৩ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভার আয়োজন | প্রশিক্ষিত কর্মচারী | ১ | সংখ্যা | মহাব্যবস্থাপক (প্রশাসন) | ৪ | ১ |
| **২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার ……………………………………………………………২** | | | | | | |
| ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনাওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | উপমহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) ও উপমহাব্যবস্থাপক (আইসিটি) | ৩১.০৭.২৩ | ৩১.০৭.২৩ |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম……………… ২** | | | | | | |
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | রেজিস্টার হালনাগাদকৃত | ২ | % | সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক | ৬০ | ৬০ |

২.৪। সভাকে অবহিত করা হয় যে, ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচারের আওতায় বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ক্রমিক ২.১ অনুযায়ী কোম্পানির ২০২৩-২০২৪ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা গত ২৫ জুলাই ২০২৩ তারিখে বিসিএমসিএল-এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

২.৫। প্রাতিষ্ঠানিক ব্যবস্থার আওতায় বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ক্রমিক ১.৩ অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত ১টি প্রশিক্ষণ/মতবিনিময় সভা ১ম কোয়ার্টারে আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। সে অনুযায়ী মার্চ ২০২৩ মাসের মধ্যে প্রশাসন বিভাগ কর্তৃক উক্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন করতে হবে।

২.৬। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমের আওতায় বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ক্রমিক ৩.১ অনুযায়ী সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করার প্রয়োজনীয়তার প্রতি সভায় গুরুত্বারোপ করা হয়। সভায় অবহিত করা হয় যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত "আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪" অনুযায়ী সংশ্লিষ্ট কার্যালয় থেকে যে সকল সেবা প্রদান করা হয় সে সকল সেবা যারা গ্রহণ করছেন সেই সেবাগ্রহীতাদের মতামত গ্রহণের জন্য রেজিস্টার সংরক্ষণ করতে হবে। রেজিস্টারে সেবার মান সম্পর্কে মতামত দেয়ার জন্য সেবাগ্রহীতাদের উদ্বুদ্ধ করতে হবে। এক্ষেত্রে নিম্নোক্ত ছকে রেজিস্টার সংরক্ষণ করতে হবে:

| ক্রমিক নম্বর | গৃহীত সেবার নাম | সেবাগ্রহীতাদের নাম, ঠিকানা, পেশা ও মোবাইল নম্বর | সেবাগ্রহীতার মতামত |
|---|---|---|---|
| | | | |

বর্ণিত ছক মোতাবেক সেবাগ্রহীতাদের মতামত রেজিস্টারে সংরক্ষণ করার জন্য প্রশাসন বিভাগ হতে একটি বিজ্ঞপ্তি জারির বিষয়ে সভা একমত পোষণ করে।

২.৭। সভায় উল্লেখ করা হয় যে, নির্ধারিত সময়ে কোম্পানির কর্মকর্তা-কর্মচারীগণের অফিসে আগমনের বিষয়টি নিশ্চিতকল্পে কোম্পানির প্রশাসনিক ভবনে ০১টি, ট্রেনিং সেন্টার ভবনে ০১টি ও শিল্প গেইটে ০১টি নতুন উন্নতমানের বায়োমেট্রিক হাজিরা মেশিন বা স্মার্ট এ্যাটেন্ডেন্স মেশিন স্থাপন করা হয়, যা গত ২৬ জুন ২০২৩ তারিখ হতে পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে। উক্ত সিস্টেম হতে প্রাপ্ত প্রতিবেদন বিশ্লেষণ করে দেখা গেছে যে, কোম্পানির কতিপয় কর্মকর্তা-কর্মচারী যথাসময়ে অফিসে উপস্থিত হচ্ছেন না এবং অনেকে সিস্টেমের ব্যবহার করছেন না। ফলে, সে উদ্দেশ্যে এক্সেস কন্ট্রোল সিস্টেম (ডিজিটাল

হাজিরা) চালু করা হয়েছিল তা যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না। যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে এক্সেস কন্ট্রোল সিস্টেমে (ডিজিটাল হাজিরা) উপস্থিতি নিশ্চিত করার জন্য প্রশাসন বিভাগের মাধ্যমে একটি বিজ্ঞপ্তি জারি করার বিষয়ে সভা একমত পোষণ করে।

**৩.০। সিদ্ধান্ত:**

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ক্রমিক ১.৩ অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত ১টি প্রশিক্ষণ/মতবিনিময় সভা ১ম কোয়ার্টারে আয়োজন করতে হবে।

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল।

৩.২। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ক্রমিক ৩.১ অনুযায়ী সেবা প্রদানের ক্ষেত্রে সেবাগ্রহীতাদের মতামত নিম্নোক্ত ছকে রেজিস্টারে সংরক্ষণ করার জন্য প্রশাসন বিভাগ একটি বিজ্ঞপ্তি জারি করবে:

| ক্রমিক নম্বর | গৃহীত সেবার নাম | সেবাগ্রহীতাদের নাম, ঠিকানা, পেশা ও মোবাইল নম্বর | সেবাগ্রহীতার মতামত |
|---|---|---|---|
| | | | |

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল।

৩.৩। কোম্পানির কর্মকর্তা-কর্মচারীগণের যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে এক্সেস কন্ট্রোল সিস্টেমে (ডিজিটাল হাজিরা) উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে প্রশাসন বিভাগ একটি বিজ্ঞপ্তি জারি করবে।

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

প্রকৌ. মোঃ সাইফুল ইসলাম সরকার
ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, নৈতিকতা
কমিটি

স্মারক নম্বর: ২৮.১২.০০০০.২২১.৮৪.০০১.২৩.১৫৫

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩০
১০ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :
১) মহাব্যবস্থাপক, প্লানিং এন্ড এক্সপ্লোরেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
২) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), সারফেস অপারেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৩) মহাব্যবস্থাপক, অর্থ ও হিসাব বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৪) মহাব্যবস্থাপক, কোম্পানি সচিবালয় বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৫) মহাব্যবস্থাপক , প্রশাসন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৬) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), মাইন অপারেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৭) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), মার্কেটিং বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৮) উপ-মহাব্যবস্থাপক, অডিট ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)



মোঃ জাহিদ আনোয়ার
ব্যবস্থাপক (আর.টি.এল.আর) এবং সদস্য-সচিব
ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি